গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-১ শাখা

বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি) ৮ম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এহছানে এলাহী<br>সচিব |
| সভার তারিখ | ১৯ নভেম্বর, ২০২৩ |
| সভার সময় | সকাল ১০.৩০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| উপস্থিতি | পরিশিষ্ট- 'ক' |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান, এসডিজি ৮.৭.১- লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্পটির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তিনি প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য পূরণে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত ও যথাযথ বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। অত:পর তিনি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপনের আহ্বান জানান। মন্ত্রণালয়ের যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা) বেগম মোর্শেদা আক্তার এ পর্যায়ে প্রকল্পের সংক্ষিপ্ত চিত্র তুলে ধরেন। তিনি জানান প্রকল্পটির মেয়াদকাল জানুয়ারি, ২০১৮ হতে ডিসেম্বর ২০২৩ এবং প্রাক্কলিত ব্যয় ২৮৪৪৯.০৮ লক্ষ টাকা। প্রকল্পটির মূল উদ্দেশ্য অনুযায়ী ঝুঁকিপূর্ণ পেশায় নিয়োজিত ০১ লক্ষ শিশুকে ০৬ মাস ব্যাপী উপানুষ্ঠানিক শিক্ষা এবং ০৪ মাস ব্যাপি নির্বাচিত ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-১) জনাব এস.এইচ.এম মাগ্‌ফুরুল হাসান আব্বাসী সভার আলোচ্যসূচি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতিসহ সার্বিক বিষয় সভায় উপস্থাপন করেন।

**০২। আলোচনা:**

(ক) **গত পিএসসি সভার কার্যবিবরণী অনুমোদন ও অগ্রগতি পর্যালোচনা:** প্রকল্পের সর্বশেষ পিএসসি সভা গত ০৯-০৫-২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপন করা হলে সদস্যবৃন্দ হতে কোন সংশোধন, সংযোজন এবং পরিমার্জন না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি অনুমোদন করা হয় । সভায় উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং এতে সন্তোষ ব্যক্ত করা হয়।

( খ) **প্রকল্প কাজের ভৌত ও আর্থিক অগ্রগতি পর্যালোচনা:** প্রকল্পের ২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে বরাদ্দ ৮৬৮.০০ লক্ষ টাকা (জিওবি) (মূল বরাদ্দ ২৬৮.০০ লক্ষ এবং অতিরিক্ত বরাদ্দ ৬০০.০০ লক্ষ)। অক্টোবর ২০২৩ পর্যন্ত প্রকল্পটিতে মোট ক্রমপুঞ্জিভূত অগ্রগতি ২৪৭৫১.৯৮ লক্ষ টাকা (জিওবি) । তাছাড়া অক্টোবর ২০২৩ পর্যন্ত অবমুক্তি ৮০০.৬১ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৯৮.৫৭ লক্ষ টাকা; যার বাস্তবায়ন অগ্রগতি হার বরাদ্দের ১১.৩৫%।

(গ) **গত পিআইসি সভার কার্যবিবরণীর অগ্রগতি ও সুপারিশ পর্যালোচনা:** প্রকল্পের সর্বশেষ পিআইসি সভা গত ২৬-০৯-২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার আলোচনা এবং গৃহীত সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপন করা হয়। সভায় প্রকল্প পরিচালক, অতিরিক্ত সচিব জনাব মোঃ মনোয়ার হোসেন জানান যে, প্রকল্পের আওতায় চুক্তিবদ্ধ ১১২ টি এনজিও কর্তৃক দেশের ১০ জেলায় ১৪ টি সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলায় ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত ০১ লক্ষ শিশুকে ০৬

(ছয়) মাসব্যাপী উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম ৩১ শে জুলাই ২০২২ এবং ০৪ মাসব্যাপী নির্বাচিত ট্রেডে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম ৩০ নভেম্বর ২০২২ তারিখে সমাপ্ত হয়েছে। ২৫০০.০০ লক্ষ টাকা (জিওবি) (রাজস্ব) অতিরিক্ত প্রাপ্তির জন্য মন্ত্রণালয় হতে পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রস্তাব ও ডিও পত্র প্রেরণ করা হয়েছে। প্রকল্পের সমস্ত মালামালের তালিকা করে বন্টনের জন্য মন্ত্রণালয় হতে জনাব বিমলেন্দু (ভৌমিক উপসচিব) কে মালামালসমূহ বুঝে নেয়ার জন্য দায়িত্ব প্রদান করা হয়েছে। প্রকল্পটি ডিসেম্বর ২০২৩ এ সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে। নির্ধারিত সময়ে প্রকল্প সমাপ্ত করার জন্য শিশু শিক্ষার্থীদের বকেয়া বৃত্তি, এককালীন সীডমানি এবং এনজিওদের বকেয়া সার্ভিস চার্জ পরিশোধ করা আবশ্যক। প্রকল্প সমাপ্তির পূর্বেই সকল বকেয়া পরিশোধ করার লক্ষ্যে আরো অতিরিক্ত ২৫০০.০০ লক্ষ (জিওবি) (রাজস্ব) টাকা প্রয়োজন। অতিরিক্ত বরাদ্দ না পাওয়া গেলে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্তি সম্ভব নয়। অনুমোদিত ডিপিপির সংস্থান অনুযায়ী ৩১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত অফিস ভবন ভাড়া কোড বরাদ্দ রয়েছে। উক্ত সময়ের পর অফিস ভবন ভাড়া প্রদান করা সম্ভব হবে না। সুতরাং অফিস ভবন ব্যতীত প্রকল্পের কার্যক্রম সম্পন্ন করা দুরুহ হয়ে পড়বে। সুতরাং ডিসেম্বর ২০২৩-এর মধ্যে অতিরিক্ত বরাদ্দ না পাওয়া গেলে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করার প্রয়োজন হবে।

এ পর্যায়ে সভাপতি মহোদয় বলেন, প্রকল্পের মূল উদ্দেশ্য অনুযায়ী ঝুঁকিপূর্ণ পেশায় নিয়োজিত ০১ লক্ষ শিশুকে ০৬ মাস ব্যাপী উপানুষ্ঠানিক শিক্ষা এবং ০৪ মাস ব্যাপি নির্বাচিত ট্রেডে প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম সম্পন্নভাবে সমাপ্ত হয়েছে। প্রকল্পটি 'বি ক্যাটাগরি' হিসেবে আরএডিপি বরাদ্দের ১৫% সংরক্ষণ হওয়ায় বিলসমূহ সম্পূর্ণভাবে পরিশোধ করা সম্ভব হয়নি বিধায় অতিরিক্ত ২৫০০.০০ লক্ষ (জিওবি) (রাজস্ব) টাকা প্রয়োজন। প্রকল্পের সম্পূর্ণ বরাদ্দ পাওয়া গেলে ডিসেম্বর ২০২৩ এ প্রকল্প সম্পন্ন করা সম্ভব হবে। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা গেলে মন্ত্রণালয়ের ভাবমুর্তি উন্নত হওয়ায় পাশাপাশি ডিসেম্বর ২০২৩ এ আরেকটি সমাপ্ত প্রকল্প হিসেবে অন্তর্ভুক্ত করা যাবে। অতিরিক্ত ২৫০০.০০ লক্ষ (জিওবি) (রাজস্ব) টাকা বরাদ্দের বিষয়ে অর্থ বিভাগের প্রতিনিধির কাছে অগ্রগতি জানতে চাওয়া হয় ।

অর্থ বিভাগের প্রতিনিধি, সিনিয়র সহকারী সচিব, জনাব সৈয়দ আশরাফুজ্জামান জানান, বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা খাতে থোক বরাদ্দের বিষয়ে পরিকল্পনা কমিশন ব্যয় করার পূর্বে অর্থ বিভাগের পরামর্শক্রমে খরচ করার বিধান রয়েছে। সুতরাং পরিকল্পনা কমিশনের পত্রের প্রেক্ষিতে বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা খাতের থোক হতে অতিরিক্ত বরাদ্দ প্রদান করা হবে। ইতোমধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ের থোক হতে জিওবি বাবদ বরাদ্দকৃত অর্থ ছাড়করণে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হয়ছে।

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় বলেন, এসডিজি ৮.৭ লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২৫ সালের মধ্যে সকল প্রকার শিশুশ্রমের অবসানে প্রতিশ্রুতিবদ্ধ। সারাদেশ ব্যাপি বিভিন্ন কর্মক্ষেত্রে নিয়োজিত শিশুদেরকে শ্রম হতে মুক্তকরণ ও পুনর্বাসন করার জন্য 'শিশুশ্রম নিরসন ও পুনর্বাসন' প্রকল্প গ্রহণের নিমিত্ত প্রস্তুতকৃত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করার প্রয়োজন পত্র প্রকল্প পরিচালক প্রদান করবে। প্রকল্প অফিসকে অর্থ বিভাগসহ সংশ্লিষ্ট দপ্তরসমূহের সাথে সু-সমন্বয় করে প্রকল্প পরিচালনা করার জন্য সচিব মহোদয় কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়।

০৩। সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) ডিসেম্বর ২০২৩ এ প্রকল্প সম্পন্ন করা লক্ষ্যে প্রকল্পের অনুকূলে ২০২৩-২৪ অর্থবছরের এডিপি'তে অতিরিক্ত ২৫০০.০০ লক্ষ টাকা (জিওবি) (রাজস্ব) প্রাপ্তির জন্য পরিকল্পনা কমিশন এবং অর্থ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে;

খ) প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতীরেকে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প পরিচালক মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করবেন; এবং

গ) প্রকল্প পরিচালক সংশ্লিষ্ট দপ্তরসমূহের সাথে সু-সমন্বয় করে যথাযথভাবে প্রকল্প পরিচালনা করতে হবে এবং অবশিষ্ট সকল কার্যক্রম সুষ্ঠূভাবে সমন্বয় করতে হবে।

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ এহছানে এলাহী
সচিব

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২৬.১৪.০০৪.২১.১১৭

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩০
০৩ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, অর্থ বিভাগ
২) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৩) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৫) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৬) সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৭) নির্বাহী চেয়ারম্যান, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
৮) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর
৯) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
১০) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১১) প্রকল্প পরিচালক, বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্প, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১২) যুগ্মপ্রধান , এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
১৩) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৪) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকল্প কর্ণারে আপলোড করার অনুরোধসহ)

এস.এইচ.এম. মাগফুরুল হাসান আব্বাসী
সিনিয়র সহকারী সচিব (রুটিন দায়িত্ব)